গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০০.০৩১.১৫.০০৫০.১৬-৬৩৮

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ / ২৩ সেপ্টেম্বর ২০২৫

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৩/০৩/২০২৫ তারিখের ৮০.০০.০০০০.৩০১.(গোপনীয়).১১.২৬১৬.২০২৩-৯০ সংখ্যক স্মারকের সুপারিশ, মেডিকেল বোর্ডের প্রত্যয়ন, পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এবং বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২২ এর আলোকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা: ২২,০০০-৫৩০৬০/- বেতনক্রমে (গ্রেড-৯) পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের 'সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী' (নন-ক্যাডার) পদে নিম্নবর্ণিত প্রার্থীকে নিম্নোক্ত শর্তসোপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	নাম ও পিতার নাম	নিজ জেলা	স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা	রেজি: নং
০১.	জনাব শেখ সাখাওয়াত হোসাইন পিতা: শেখ জাহাঙ্গীর আলম	কক্সবাজার	গ্রাম: ঘাটপাড়া, উত্তর কাহারিয়াঘোনা, ওয়ার্ড নং-০৫, চকরিয়া পৌরসভা, চকরিয়া, কক্সবাজার-৪৭৪০।	০০০৬৩৩

শর্তাবলী:

(০১) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ/১৫ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ পূর্বাহ্নে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর যোগদান করতে হবে;

(০২) যোগদানের তারিখ হতে এ নিয়োগ আদেশ কার্যকর হবে। নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগে আগ্রহী নয় বিবেচনায় তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(০৩) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার চাকরির প্রথম দু'বছর শিক্ষানবিশকাল (Probation) হিসেবে গণ্য হবে। সাফল্যজনকভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার পর চাকরি স্থায়ীকরণের বিষয়ে সরকার পরবর্তীতে বিবেচনা করবে এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রযোজ্য ক্ষেত্রে পৃথক সরকারি আদেশ জারি করবে;

(০৪) শিক্ষানবিশকালে তার চাকরি সন্তোষজনক বলে বিবেচিত না হলে সরকার কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করতে পারবে;

(০৫) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর যোগ্যতার ঘাটতি যে কোন সময় ধরা পড়লে বা প্রার্থী দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে বা অসত্য তথ্য প্রদান করলে বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশিত বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে প্রশাসনিক ও ফৌজদারি আইনে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(০৬) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(০৭) নিয়োগপ্রাপ্ত প্রার্থী নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(০৮) চাকরিতে যোগদানকালে প্রার্থী যোগদান পত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে উপরে উল্লিখিত শর্তাবলীর বিষয়ে একমত পোষণপূর্বক অঙ্গীকারনামা দাখিল করবেন;

(০৯) The Government Servants (Conduct) Rules, 1979 এর বিধি ১৩ এর উপবিধি (১) অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(১০) নিয়োগপ্রাপ্ত প্রার্থী চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৩/৯/২০২৫

মোঃ মাসুম রেজা
উপসচিব
☎০২-২২৩৩৫৬৭৭৫
e-mail:admin1@mowr.gov.bd
(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্মারক নম্বর-৪২.০০.০০০০০.০৩১.১৫.০০৫০.১৬-৬৩৬(১১)

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ / ২৩ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২, গ্রীণ রোড, ঢাকা।
৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [পরবর্তী বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ০২ (দুই) কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)]।
৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। জনাব শেখ সাফাওয়াত হোসাইন, গ্রাম: ঘাটপাড়া, উত্তর কাহারিয়াঘোনা, ওয়ার্ড নং-০৫, চকরিয়া পৌরসভা, চকরিয়া, কক্সবাজার-৪৭৪০।
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
১১। যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৩/৯/২০২৫

মোঃ মাসুম রেজা
উপসচিব
☎০২-২২৩৩৫৬৭৭৫
e-mail:admin1@mowr.gov.bd